কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

# প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট

লেভেল – ০৪

## মডিউল শিরোনামঃ গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া ব্যাখ্যা করণ

**Module: Illustrating Process of Supply Chain in Garments Industry**

**মডিউল কোড: CBLM-OU-PPSCM-05-L4-BN-V1**

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,
প্রধানমন্ত্রীর কার্যালয় ।
১১-১২ তলা, বিনিয়োগ ভবন
ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
ইমেইল: ec@nsda.gov.bd
ওয়েবসাইট: www.nsda.gov.bd
ন্যাশনাল স্কিলস পোর্টাল: http:\\skillsportal.gov.bd

এই কম্পিটেন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

"গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া ব্যাখ্যা করণ" সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট লেভেল – ০৪ অকুপেশনের কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট লেভেল – ০৪ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

ইনস্ট্রাকশনাল এক্টিভিটি তৈরি করার ক্ষেত্রে সিবিএলএম ডেভেলপার/শিক্ষক/প্রশিক্ষক/এসেসর এ সিবিএলএমটিকে মূল রেফারেন্স পয়েন্ট হিসাবে ব্যবহার করবে। এটি প্রশিক্ষার্থী, প্রশিক্ষকদের জন্য গুরুত্বপূর্ণ সহায়ক ডকুমেন্ট।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক/পেশাজীবীর দ্বরা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট  লেভেল – ০৪ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----------------------- তারিখে অনুষ্ঠিত ------------কর্তৃপক্ষ সভায় অনুমোদিত।

## সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলটি তে গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া চিত্রিত করনের জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে। মডিউলটিতে গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়াটির ব্যাখ্যা করা, সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা, প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ সম্পর্কিত দক্ষতা সমূহ অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লেখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেটরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

# সূচিপত্র


কপিরাইট ........ i

সক্ষমতাভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা ........ iv

মডিউল কন্টেন্ট ........ ১

শিখনফল (Learning Outcome)-১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন ........ ২

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা ........ ৩

জব শিট ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা ........ ৩

ইনফরমেশন শিট (Information Sheet) ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা ........ ৪

সেলফ চেক (Self Check)- ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা। ........ ১১

উত্তরপত্র (Answer Key)-১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা। ........ ১২

জব শিট ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা ........ ১৪

স্পেশিফিকেশন শিট ১ : সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা ........ ১৫

শিখনফল (Learning Outcome)- ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করতে পারবেন ........ ১৬

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা ........ ১৭

ইনফরমেশন শিট (Information Sheet) ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা ........ ১৮

সেলফ চেক শিট (Self Check Sheet)-২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা ........ ২৮

উত্তর পত্র (Answer Key)- ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা। ........ ২৯

জব শিট ২: সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর। ........ ৩১

স্পেশিফিকেশন শিট ২: সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর। ........ ৩২

শিখনফল (Learning Outcome)- ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারবেন ৩৩

প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারা ........ ৩৪

ইনফরমেশন শিট (Information Sheet) ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করা। ........ ৩৫

সেলফ চেক শিট (Self Check Sheet)-৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করা। ........ ৪৩

জব শিট ৩: প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ করা ........ ৪৬

স্পেশিফিকেশন শিট ৩: প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ করা ........ ৪৭

দক্ষতা পর্যালোচনা (Review of Competency) ........ ৪৮

সিবিএলএম প্রনয়ন ........ ৪৯

রেফারেন্স ........ ৫০

## মডিউল কন্টেন্ট

| | |
|---|---|
| **ইউ ও সি শিরোনাম** | **গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া ব্যাখ্যা করুন** |
| **ইউ ও সি কোড** | **OU-RMG-PPSCM-05-L4-V1** |
| **মডিউল শিরোনাম** | গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া ব্যাখ্যা করা |
| **মডিউলের বর্ণনা** | এই মডিউলটি তে গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া  চিত্রিত করনের জন্য প্রয়োজনীয় দক্ষতা, জ্ঞান এবং মনোভাব অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>মডিউলটিতে গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়াটির ব্যাখ্যা করা, সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা, প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ সম্পর্কিত দক্ষতা সমূহ অন্তর্ভুক্ত রয়েছে। |
| **নমিনাল সময়** | **৫০ ঘন্টা** |
| **শিখনফল** | এই মডিউলটি সম্পন্ন করার পর প্রশিক্ষার্থীরা নিম্ন বর্ণিত কাজ গুলো করতে পারবেন।<br>১. সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন<br>২. সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করতে পারবেন<br>৩. প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারবেন |

### অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট  এর প্রক্রিয়া সমূহ সনাক্ত করতে সক্ষম হয়েছে।
২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে।
৩. বিভিন্ন ধরনের সাপ্লাই চেইন ব্যাখ্যা করা হয়েছে।
৪. সাপ্লাই চেইন এর কার্যাবলী বিবৃত করা হয়েছে।
৫. প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ সনাক্ত করা হয়েছে।
৬. কোম্পানির নীতি অনুযায়ী প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।

## শিখনফল (Learning Outcome)-১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ সনাক্ত করতে সক্ষম হয়েছে।<br>২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. সিবিএলএম<br>২. স্যাম্পল<br>৩. কনজিয়উমএবল মেটেরিয়াল |
| **বিষয়বস্তু** | ১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট ব্যাখ্যা করা<br>২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ সনাক্ত করা<br>৩. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ ব্যাখ্যা করা |
| **এক্টিভিটি** | ১. সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. প্রেজেন্টেশন<br>২. লেকচার<br>৩. ডেমনস্ট্রেশন |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) -১ : সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| শিখন কার্যক্রম<br>(Learning Activities) | উপকরণ / বিশেষ নির্দেশনা<br>(Resources / Special instructions) |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারা" শেখার উপকরন প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ১ : সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করতে করা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ১ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ১ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন<br>জব শিট ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা |


## ইনফরমেশন শিট (Information Sheet) ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

১.১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া চিহ্নিত করাতে পারা
১.২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া ব্যাখ্যা করাতে পারা

### ১.১ সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া


সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া হল সরবরাহকারী, কোম্পানি, খুচরা বিক্রেতা এবং ভোক্তাদের মধ্যে উপকরণ, পণ্য এবং তথ্যের পদ্ধতিগত প্রবাহ কে নিয়মতান্ত্রিক ভাবে ম্যানেজমেন্ট করা।




- সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট একটি কোম্পানিতে এবং সেখান থেকে পণ্য ও পরিষেবার প্রবাহের কেন্দ্রীয় ব্যবস্থাপনা এবং কাঁচামাল ও উপাদানগুলিকে চূড়ান্ত পণ্যে রূপান্তরিত করার সমস্ত প্রক্রিয়া অন্তর্ভুক্ত করে।
- সাপ্লাই চেইন ম্যানেজ কোম্পানির অতিরিক্ত খরচ কমাতে পারে এবং ভোক্তাদের কাছে দ্রুত এবং আরও দক্ষতার সাথে পণ্য সরবরাহ করতে পারে।
- একটি সাপ্লাই চেইন ম্যানেজারকে খরচ নিয়ন্ত্রণ ও হ্রাস করা এবং সরবরাহের ঘাটতি এড়াতে সাহায্য করে।

## ১.২ সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়ার ব্যাখ্যা


### ১.২.১ সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের প্রবাহ




সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেস সাধারনত তিনটি ভিন্ন ধরনের প্রবাহ কে নিয়মতান্ত্রিক ভাবে ম্যানেজমেন্ট করে থাকে-


- উপাদান প্রবাহ
- তথ্য/ডেটা প্রবাহ
- অর্থ প্রবাহ

**উপাদান প্রবাহ**




উপাদান প্রবাহ প্রতিটি উৎপাদন এবং লজিস্টিক্স এর একটি গুরুত্বপূর্ণ অংশ। পারে।সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে উপাদানের প্রবাহ বলতে কাঁচামাল, কম্পোনেন্ট, WIP এবং সমাপ্ত পণ্যের প্রবাহকে বুঝায়। দক্ষ উপাদান প্রবাহ নকশা বাধা এবং বিলম্ব এড়াতে, উৎপাদনশীলতা বৃদ্ধি এবং খরচ কমাতে সাহায্য করে।

### উপাদান প্রবাহের ধাপ





### উপাদান প্রবাহ নিশ্চিত করন

উপাদান প্রবাহ নিশ্চিত করতে হলে নিম্ন লিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবে-

- সমন্বয়
- আদর্শ করন
- মনিটরিং
- আদর্শ পদ্ধতির অনুসরণ বজায় রাখা

### তথ্য প্রবাহ





তথ্য প্রবাহ হল সরবরাহকারী থেকে গ্রাহক এবং গ্রাহক থেকে সরবরাহকারীর কাছে তথ্যের প্রবাহ। এই একটি দ্বি-মুখি প্রবাহ অর্থাৎ এটি সরবরাহ শৃঙ্খলে উভয় দিকে যায়।

তথ্য প্রবাহের মধ্যে বিভিন্ন জিনিস অন্তর্ভুক্ত থাকতে পারে। যেমন-

- কোটেশন
- ক্রয় অর্ডার
- ডেলিভারি স্ট্যাটাস
- ইনভয়েস
- গ্রাহকের অভিযোগ ইত্যাদি

**আর্থ প্রবাহ**




আর্থ প্রবাহ বলতে গ্রাহক থেকে সরবরাহকারীর কাছে অর্থের প্রবাহকে বুঝায়। যখন গ্রাহক কোন পণ্য গ্রহণ করে এবং এটি যাচাই করে তখন গ্রাহক অর্থ প্রদান করে এবং অর্থ সরবরাহকারীর কাছে ফেরত যায়।

**আর্থিক সরবরাহ চেইন ব্যবস্থাপনার উপাদান**




- আর্থিক দৃশ্যমানতা
- ওয়ার্কিং ক্যাপিটাল অপ্টিমাইজেশান

- ঝুকি ব্যবস্থাপনা
- সহযোগিতা এবং একত্র করণ

**আর্থিক সরবরাহ চেইন ব্যবস্থাপনার সুবিধা**

- খরচ কমানো
- ওয়ার্কিং ক্যাপিটাল অপ্টিমাইজেশান
- ঝুঁকি প্রশমন
- সরবরাহকারীর সাথে সু-সম্পর্ক

### ১.২.২ সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর সুবিধা

**অপারেশনাল খরচ কমায়**

ভাল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট ব্যয়বহুল কাজ চিহ্নিত করে যা চূড়ান্ত পণ্যের মূল্যে অবদান রাখে না। এটি একটি ব্যবসাকে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এই অপ্রয়োজনীয় প্রক্রিয়াগুলিকে কমিয়ে অপারেটিং খরচ কমাতে সাহায্য করে।

**হোল্ডিং খরচ হ্রাস**

কার্যকর সাপ্লাই চেইন পন্যের হোল্ডিং খরচ হ্রাস কমাতে সাহায্য করে। স্টোরের জায়গার সঠিক ব্যবহার ও দ্রুত পণ্য সরবরাহ করার জন্য সাপ্লাই চেইন খুবই গুরুত্বপূর্ণ।

**অপচয় হ্রাস করে**

সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সময়ের অপচয়, শ্রম বা কাঁচামালের অপচয়, অপারেশনাল দক্ষতার ক্ষতি ইত্যাদি হ্রাস করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। একটি ভাল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট স্ট্র্যাটেজি অপচয় বিবেচনা করে এবং মূল্য সংযোজন করে এমন কাজ গুলোতে মনোনিবেশ করে।

**লাভ বাড়ায়**

দৃঢ় এবং কার্যকর সরবরাহ শৃঙ্খল সাধারণত উচ্চ রাজস্ব এবং মুনাফা মাত্রার ফলাফল. কম খরচ আরও প্রতিযোগিতামূলক মূল্য এবং লাভ মার্জিন সক্ষম করে এবং বিপণনের মতো কার্যকলাপের জন্য অনুমতি দেয়।

**পণ্য এবং উপাদান প্রবাহ উন্নত করে**

ভোক্তাদের কাছে যত দ্রুত পণ্য সরবরাহ করা হয়, পণ্য প্রবাহ তত বেশি কার্যকরভাবে কাজ করে।দক্ষ পণ্যের প্রবাহ চাহিদা এবং সরবরাহের মধ্যে সময়


**তথ্যের প্রবাহ বৃদ্ধি করে**

একটি দক্ষ সাপ্লাই চেইন পুরো সাপ্লাই চেইন প্রক্রিয়ায় সঠিক ভাবে তথ্য প্রবাহ নিশ্চিত করে। দক্ষ সাপ্লাই চেইন তথ্য প্রবাহের বাধাগুলি দূর করে এবং সংস্থাগুলি সাপ্লাই চেইনের একটি সম্পূর্ণ চিত্র পায়, যা তাদের সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করে।

**গ্রাহকের সন্তুষ্টি বাড়ায়**

গ্রাহক তখনই সন্তুষ্ট হয় যখন চায় তারা যা চায় তা সঠিক সময়ে পায় এবং সর্বনিম্ন সম্ভাব্য খরচে পায়। দক্ষ সাপ্লাই চেইন গ্রাহকের সন্তুষ্টি বাড়াতে সহযোগিতা করে।

### ১.২.৩ সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেস




সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেস সাধারনত নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে-

ক. প্লানিং
খ. ইনভেন্টরি ম্যানেজমেন্ট
গ. প্রকিউরমেন্ট
ঘ. প্রোডাকশন
ঙ. ডিষ্ট্রিবিউশন
চ. লজিস্টিক্স ম্যানেজমেন্ট

**ক. প্লানিং**

প্লানিং এর মধ্যে মুলত নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত-

- কি পরিমান কাঁচামাল লাগবে
- কি পরিমান উৎপাদন করতে হবে
- কি পরিমান ডেলিভারী করতে হবে
- কি ভাবে ডেলিভারী করতে হবে

প্রকিউরমেন্ট, প্রডোকশন ও ডিষ্ট্রিবিউশন তিনটি ডিপার্টমেন্টের তথ্যের ভিত্তিতেই প্লানিং কিরা হয়। তাই প্লানিং এই তিনটি ডিপার্টমেন্টেকে ইনডাইরেক্টলি সুপারভাইজ করে। প্লানিং (**Planning**) ডিপার্টমেন্টকে অনেকে পিপিআইসি (**PPIC**) ও বলে।

### খ. ইনভেন্টরি ম্যানেজমেন্ট

ইনভেন্টরি ম্যানেজমেন্ট সাপ্লাই চেইন এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি ফিজিক্যাল ইনভেন্টরির ট্র্যাকিংকে নিয়ন্ত্রণ করে, যেমন পোশাকের আনুষাঙ্গিক উপকরণ যাতে ওভারস্টকিং ছাড়াই উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করা যায় তা নিশ্চিত করে।

### গ. প্রকিউরমেন্ট

প্রকিউরমেন্ট বলতে পন্য ক্রয়ের জন্য যত ধরনে কার্যকলাপ আছে সবকিছুকেই বুঝায়। প্লানিং অনুসরন করে প্রকিউরমেন্ট কাঁচামাল ক্রয় করে থাকে। কাজের সুবিধার জন্য এখনে কিছু সেকশান থাকে যেমন-

১. সোরসিং (Sourcing) - সাপ্লাইয়ার খোজার কাজটি এই ডিপার্টমেন্ট করে থাকে।
২. ক্রয় (Purchase) - ক্রয় সংক্রান্ত সকল কাজ এই ডিপার্টমেন্ট করে থাকে। লোকাল কেনাকাটা ও এই ডিপার্টমেন্ট এর আওতায় পরে।
৩. কমার্শিয়াল- ফরেন কেনাকাটা/আমদানী করা/এলসি অপারেশন।

### ঘ. প্রোডাকশন

প্লানিং অনুসরন করে প্রোডাকশন ডিপার্টমেন্ট ফিনিশড প্রোডাক্ট উৎপাদন করে। এখনেও কাজের সুবিধার জন্য প্রোডাক্ট বা উৎপাদন প্রক্রিয়া অনুযায়ী কিছু সেকশান থাকে যেমন- একটি গার্মেন্টস এ কাটিং, সুইং, ফিনিশিং ইত্যাদি সেকশন থাকে। প্রোডাকশন ডিপার্টমেন্ট ও সাপ্লাই চেইনের অন্তর্ভুক্ত।

### ঙ. ডিষ্ট্রিবিউশন

ডিষ্ট্রিবিউশন মুলত বায়ারের চাহিদ অনুযায়ী বা বিভিন্ন ডিপার্টমেন্ট এর চাহিদা অনুযায়ী পন্য ডেলিভারী দিয়ে থাকে যা নিজস্ব পরিকল্পনা বা কোম্পানীর পলিসির ভিত্তিতে অথবা সেন্ট্রাল প্লানিংয়ের পরামর্শে হয়ে থাকে।

### চ. লজিস্টিক্স ম্যানেজমেন্ট

লজিস্টিক হল গ্রাহক বা কম্পানির প্রয়োজনীয়তা পূরণের জন্য উৎপত্তিস্থল এবং ব্যবহারের বিন্দুর মধ্যে পণ্য ও পরিষেবার প্রবাহের ব্যবস্থাপনা। লজিস্টিকস এর সাথে তথ্য, পরিবহন, গুদামজাতকরণ, উপাদান পরিচালনা, এবং প্যাকেজিং এবং এমনকি নিরাপত্তা ও জড়িত।

## সেলফ চেক (Self Check)- ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা।

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**অতি সংক্ষিপ্ত প্রশ্নঃ**

১. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া কি?**

**উত্তরঃ**

২. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেসে কি কি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**

**উত্তরঃ**

৩. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্ল্যানিং এ কি কি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**

**উত্তরঃ**

৪. **ইনভেন্টরি ম্যানেজমেন্ট  কি?**

**উত্তরঃ**

৫. **প্রকিউরমেন্ট বলতে কি বুঝায়?**

**উত্তরঃ**

৬. **ডিষ্ট্রিবিউশন বলতে কি বুঝায়?**

**উত্তরঃ**

৭. **লজিস্টিক্স ম্যানেজমেন্ট বলতে কি বুঝায়?**

**উত্তরঃ**

৮. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৪টি সুবিধা লিখ।**

**উত্তরঃ**

## উত্তরপত্র (Answer Key)-১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা।

১. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া কি?**

**উত্তর:** সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া হল সরবরাহকারী, কোম্পানি, খুচরা বিক্রেতা এবং ভোক্তাদের মধ্যে উপকরণ, পণ্য এবং তথ্যের পদ্ধতিগত প্রবাহ কে নিয়মতান্ত্রিক ভাবে ম্যানেজমেন্ট করা।

২. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেসে কি কি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**

**উত্তর:**সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্রসেস সাধারনত নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে-

- প্লানিং
- ইনভেন্টরি ম্যানেজমেন্ট
- প্রকিউরমেন্ট
- প্রোডাকশন
- ডিষ্ট্রিবিউশন
- লজিস্টিক্স ম্যানেজমেন্ট

৩. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্টে প্ল্যানিং এ কি কি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**

**উত্তরঃ** প্লানিং এর মধ্যে মুলত নিম্নলিখিত অন্তর্ভুক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত-

- কি পরিমান কাঁচামাল লাগবে
- কি পরিমান উৎপাদন করতে হবে
- কি পরিমান ডেলিভারী করতে হবে
- কি ভাবে ডেলিভারী করতে হবে

৪. **ইনভেন্টরি ম্যানেজমেন্ট কি?**

**উত্তরঃ** ইনভেন্টরি ম্যানেজমেন্ট সাপ্লাই চেইন এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি ফিজিক্যাল ইনভেন্টরির ট্র্যাকিংকে নিয়ন্ত্রণ করে, যেমন পোশাকের আনুষাঙ্গিক উপকরণ যাতে ওভারস্টকিং ছাড়াই উৎপাদন প্রক্রিয়া সম্পন্ন করা যায় তা নিশ্চিত করে।

৫. **প্রকিউরমেন্ট বলতে কি বুঝায়?**

উত্তরঃ প্রকিউরমেন্ট বলতে পন্য ক্রয়ের জন্য যত ধরনে কার্যকলাপ আছে সবকিছুকেই বুঝায়। প্লানিং অনুসরন করে প্রকিউরমেন্ট কাঁচামাল ক্রয় করে থাকে। কাজের সুবিধার জন্য এখনে কিছু সেকশান থাকে যেমন-

১. সোরসিং (Sourcing) - সাপ্লাইয়ার খোজার কাজটি এই ডিপার্টমেন্ট করে থাকে।

২. ক্রয় (Purchase) - ক্রয় সংক্রান্ত সকল কাজ এই ডিপার্টমেন্ট করে থাকে। লোকাল কেনাকাটা ও এই ডিপার্টমেন্ট এর আওতায় পরে।
৩. কমার্শিয়াল- ফরেন কেনাকাটা/আমদানী করা/এলসি অপারেশন।

৬. **ডিষ্ট্রিবিউশন বলতে কি বুঝায়?**

**উত্তরঃ** ডিষ্ট্রিবিউশন মুলত বায়ারের চাহিদ অনুযায়ী বা বিভিন্ন ডিপার্টমেন্ট এর চাহিদা অনুযায়ী পন্য ডেলিভারী দিয়ে থাকে যা নিজস্ব পরিকল্পনা বা কোম্পানীর পলিসির ভিত্তিতে অথবা সেন্ট্রাল প্লানিংয়ের পরামর্শে হয়ে থাকে।

৭. **লজিস্টিক্স ম্যানেজমেন্ট বলতে কি বুঝায়?**

**উত্তরঃ** লজিস্টিক হল গ্রাহক বা কম্পানির প্রয়োজনীয়তা পূরণের জন্য উৎপত্তিস্থল এবং ব্যবহারের বিন্দুর মধ্যে পণ্য ও পরিষেবার প্রবাহের ব্যবস্থাপনা। লজিস্টিকস এর সাথে তথ্য, পরিবহন, গুদামজাতকরণ, উপাদান পরিচালনা, এবং প্যাকেজিং এবং এমনকি নিরাপত্তা ও জড়িত।

৮. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৪টি সুবিধা লিখ।**

**উত্তরঃ**

- অপারেশনাল খরচ কমায়
- হোল্ডিং খরচ হ্রাস
- অপচয় হ্রাস করে
- গ্রাহকের সন্তুষ্টি বাড়ায়

**জব শিট ১: সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা**

**উদ্দেশ্য:** যথাযথ ভাবে  সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত ৫টি বিষয় ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি সুবিধা লিপিবদ্ধ করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও  ব্যবহার করুন।
২. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সরঞ্জামের  কার্যকারিতা  ও পরিমান ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৪. স্পেসিফিকেশন শীট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন।
৫. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত ৫টি বিষয় লিপিবদ্ধ করুন।
৬. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি সুবিধা লিপিবদ্ধ করন।
৭. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই করুন।
৮. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
৯. কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১০. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করুন।

**স্পেশিফিকেশন শিট ১ : সাপ্লাই চেইন প্রক্রিয়া ব্যাখ্যা করা**

**প্রয়োজনীয় পিপিই:**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মাস্ক | | সংখ্যা | ০১ |
| ২. | এপ্রন | | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় সরঞ্জাম:**

| ক্রম | টুলস এবং ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | কাগজ | | সংখ্যা | ০১ |
| ২. | কলম | | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | | সংখ্যা | ০১ |
| ৪. | রাবার | | সংখ্যা | ০১ |
| ৫. | শার্পনার | | সংখ্যা | ০১ |

**শিখনফল (Learning Outcome)- ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করতে পারবেন**

| | |
|---|---|
| অ্যাসেসমেন্ট মানদন্ড | ১. বিভিন্ন ধরনের সাপ্লাই চেইন ব্যাখ্যা করা হয়েছে।<br>২. সাপ্লাই চেইন এর কার্যাবলী বিবৃত করা হয়েছে। |
| শর্ত ও রিসোর্স | ১. সিবিএলএম<br>২. স্যাম্পল<br>৩. কনজিয়উমএবল মেটেরিয়াল |
| বিষয়বস্তু | ১. সাপ্লাই চেইন ব্যাখ্যা করা<br>২. সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা<br>৩. সাপ্লাই চেইন এর কার্যাবলী ব্যাখ্যা করা |
| অ্যাক্টিভিটি/টাস্ক/জব | ১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী  এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর। |
| প্রশিক্ষণ পদ্ধতি | ১. প্রেজেন্টেশন<br>২. লেকচার<br>৩. ডেমনস্ট্রেশন |
| অ্যাসেসমেন্ট পদ্ধতি | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

## শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা " শেখার উপকরণ প্রদান করবেন। |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ২ : সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ২ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ২ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট ২: সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর। |

# ইনফরমেশন শিট (Information Sheet) ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা


**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

২.১ বিভিন্ন ধরনের সাপ্লাই চেইন ব্যাখ্যা করা হয়েছে।
২.২ সাপ্লাই চেইন এর কার্যাবলী বিবৃত করা হয়েছে।


## ২.১ বিভিন্ন ধরনের সাপ্লাই চেইন

সাপ্লাই চেইন সাধারনত দুই ধরনের-

- অভ্যন্তরীণ সাপ্লাই চেইন
- বাহ্যিক সাপ্লাই চেইন




### ২.১.১ অভ্যন্তরীণ সাপ্লাই চেইন




অভ্যন্তরীণ সাপ্লাই চেইন বলতে কোন কোম্পানির মধ্যকার কার্যকলাপ বা ফাংশন চেইন কে বোঝায়। অভ্যন্তরীণ অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর মাধ্যমে পণ্য সঠিক ভাবে এবং সঠিক সময়ে উৎপাদন সম্ভব হয়। এই প্রক্রিয়াটি কোম্পানীর মধ্যে একাধিক ফাংশন যেমন উৎপাদন, বিক্রয় এবং বিতরণের সাথে জড়িত।

**অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর গুরুত্ব**



- অভ্যন্তরীণ সাপ্লাই চেইন কোম্পানির মধ্যকার বিভিন্ন ডিপার্টমেন্ট এর মধ্যে সমন্বয় সাধন ও একীকরণে সহায়তা করে, যাতে প্রত্যেক ডিপার্টমেন্ট বুঝতে পারে যে তারা কীভাবে মূল্য সংযোজনে অবদান রাখতে পারে।
- এটি কর্মীদের পূর্ব পরিকল্পনা করতে সহায়তা করে, যাতে উৎপাদনে কোন ব্যাঘাত না ঘটে।
- যেহেতু বেশিরভাগ বিভাগই মনে করে যে প্রকিউরমেন্ট কাজ হল ব্যয় হ্রাস এবং কম দামে মালামাল ক্রয় করা সেহেতু তারা প্রকিউরমেন্ট কৌশলগত সমস্যাগুলো অনুধাবন করতে পারে না। অভ্যন্তরীণ সাপ্লাই চেইন প্রকিউরমেন্ট এর সাথে জড়িত সকল কৌশলগত সমস্যা প্রতিরোধ করতে সাহায্য করে।

**অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর হুমকি সমূহ**




- চাহিদা ওঠানামা করা
- মেশিন ব্রেকডাউন
- প্রযুক্তির পরিবর্তন
- স্টোরেজ এবং পরিবহন ঝুঁকি

**চাহিদা ওঠানামা করা**

গ্রাহকের চাহিদার পরিবর্তন অভ্যন্তরীণ সাপ্লাই চেইনকে গভীরভাবে প্রভাবিত করতে পারে। চাহিদা বাড়া বা কমা উভয়েরই প্রভাব রয়েছে উৎপাদনের ওপর। কার্যকর চাহিদা পরিকল্পনার মাধ্যমে কোম্পানিগুলিকে অতিরিক্ত বা কম চাহিদা মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকতে হবে।

**মেশিন ব্রেকডাউন**

অভ্যন্তরীণ সাপ্লাই চেইনের সম্ভাব্য ঝুঁকিগুলির মধ্যে একটি হল মেশিনের সমস্য। এটি উৎপাদ বন্ধ করে দেয় এবং উৎপাদনের ব্যর্থতার কারণে সময় এবং সেই সাথে অর্থ অপচয় হয়। এর অর্থ হল একটি কোম্পানি পণ্য উৎপাদন করতে পারে না এবং অপরিকল্পিত ডাউনটাইম বাড়ে। এটি অভ্যন্তরীণ সরবরাহ শৃঙ্খলের জন্য একটি সাধারণ হুমকি।


**প্রযুক্তির পরিবর্তন**

অভ্যন্তরীণ সাপ্লাই চেইনের জন্য আরেকটি সম্ভাব্য হুমকি হল প্রযুক্তিগত পরিবর্তন, কম্পিউটার সিস্টেমের পরিবর্তন যেমন নতুন সফ্টওইয়্যার প্রোগ্রাম এবং নতুন সরঞ্জাম। এটি অভ্যন্তরীণ সাপ্লাই চেইনের জন্য হুমকি হিসাবে দেখা যেতে পারে, বিশেষ করে কর্মচারীদের জন্য, যদি তারা মনে করে যে নতুন রোবটগুলি তাদের নির্দিষ্ট কাজে প্রতিস্থাপন করবে বা নতুন প্রযুক্তির সাথে কাজ করা কঠিন হবে। এটি কর্মচারীদের প্রশিক্ষণ এবং বিভিন্ন কর্মশালার জন্য অতিরিক্ত খরচ তৈরি করতে পারে।

**স্টোরেজ এবং পরিবহন ঝুঁকি**

স্টোরেজ হল পণ্যের ক্রমাগত সরবরাহ বজায় রাখার জন্য গুদাম এবং বিতরণ কেন্দ্রে পণ্য সংরক্ষণের প্রক্রিয়া। একটি গুদামে পণ্য চুরি বা ক্ষতি ঝুঁকিতে থাকে। যথাযথভাবে সংরক্ষণ না করা হলে, এটি সমগ্র পরিকল্পনা প্রক্রিয়াকে ধ্বংস করতে পারে।

### ২.১.২ বাহ্যিক সাপ্লাই চেইন




বাহ্যিক সাপ্লাই চেইন হল সরবরাহকারী, প্রস্তুতকারক এবং অন্যান্য অংশীদারদের একটি নেটওয়ার্ক যা বায়ারের চাহিদা মত কোন পণ্য বা পরিষেবা প্রদানের জন্য একসাথে কাজ করে। বাহ্যিক সাপ্লাই চেইন একটি জটিল প্রক্রিয়া যেহেতু এতে বিভিন্ন স্টেকহোল্ডার জড়িত থাকে।

সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের জন্য যে সকল বাহ্যিক কারণগুলি বিবেচনা করতে হবে-

- রাজনৈতিক
- অর্থনৈতিক
- সামাজিক
- প্রযুক্তিগত
- পরিবেশগত
- জনসংখ্যাগত বা ডেমোগ্রাফিক

**রাজনৈতিক কারন**

সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের জন্য যে সকল বাহ্যিক কারণগুলি বিবেচনা করতে হয় তার মধ্যে রাজনৈতিক কারন অন্যতম। একটি দেশের রাজনৈতিক পরিবেশ স্থিতিশীল না থাকলে তা সামগ্রিক সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এ প্রভাব ফেলে। যেমন-

- হরতাল আবরোধের কারনে পন্য পরিবহন বাধাগ্রস্থ হতে পারে।
- আমদানি করা পন্য পোর্ট এ আটকে থাকতে পারে।
- প্রয়োজনীয় কাঁচামালের স্বল্পতা দেখা দিতে পারে।
- ব্যাংকিং কার্যক্রম বাধাগ্রস্থ হতে পারে।

**অর্থনৈতিক কারন**

অর্থনৈতিক কারন সাপ্লাই চেইন ম্যানেজমেন্টেকে ব্যপক ভাবে প্রভাবিত করে। অর্থনৈতিক মন্দা দেখা দিলে প্রয়োজনীয় কাঁচামাল বা পন্য আমদানি কার্যক্রম ব্যহত হয়। কারন আমদানির জন্য এলসি খোলার প্রয়োজন হয়, কিন্তু ডলার সংকটের জন্য এলসি খোলার প্রয়োজনীয় ডলারের ছাড়পত্র পাওয়া যায় না। তাছাড়া ডলার এর চাহিদার জন্য ডলারের দাম বেড়ে যায় যা কাঁচামাল আমদানিতে প্রভাব ফেলে।

**সামাজিক কারন**

বিভিন্ন সামাজিক কারন সাপ্লাই চেইন ম্যানেজমেন্টেকে প্রভাবিত করে। অনেক সময় বিভিন্ন সামাজিক বা ধর্মীয় আচার অনুষ্ঠানের কারনের সরকারি বন্ধ থাকে। সাপ্লাই চেইন ঠিক রাখতে এই সকল বিষয়গুলো বিবেচনায় রাখতে হয়।

**প্রযুক্তিগত কারন**

প্রযুক্তি সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের পদ্ধতিকে পরিবর্তন করেছে। প্রযুক্তি, অটোমেশন থেকে কৃত্রিম বুদ্ধিমত্তা, উৎপাদনশীলতা বাড়াতে এবং খরচ কমাতে সাহায্য করেছে। সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের উপর প্রযুক্তির প্রভাব এবং সেইসাথে শিল্পের উন্নয়নে প্রযুক্তির কিছু গুরুত্বপূর্ণ দিক নিচে দেওয়া হল-

- শিপমেন্ট ট্রেকিং সুবিধা
- ট্রান্সপোর্ট ম্যানেজমেন্ট সুবিধা
- ডাটা অ্যানালাইসিস
- কার্য ক্ষমতার উপর ডিজিটাল অ্যাক্সেস
- ডিজিটাল পেমেন্ট

**পরিবেশগত কারন**

সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের থেকে নিম্ন লিখিত পরিবেশগত প্রভাবগুল থাকতে পারে-

- বিষাক্ত বর্জ্য
- পানি দূষণ
- জীববৈচিত্র্যের ক্ষতি
- বন উজাড়
- বাস্তুতন্ত্রের দীর্ঘমেয়াদী ক্ষতি,
- বিপজ্জনক বায়ু নির্গম
- পাশাপাশি গ্রিনহাউস গ্যাস নির্গমন ইত্যাদি।

**জনসংখ্যাগত বা ডেমোগ্রাফিক কারন**

কিভাবে একটি ব্যবসা তার পণ্য বাজারজাত করবে তা জনসংখ্যাগত বা ডেমোগ্রাফিক কারন দ্বারা প্রভাবিত হতে পারে। তাছাড়া জনসংখ্যার আকার ব্যবসার কোন ধরনের বিপণন কৌশল ব্যবহার করেতে হবে তা প্রভাবিত করতে পারে।

সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের জন্য নিম্নলিখিত ডেমোগ্রাফিক কারণগুলি জানা দরকার-

- উৎপত্তি দেশ
- লিঙ্গা
- প্রাথমিক ক্ষেত্র
- কার্যকারিতা

**বাহ্যিক সাপ্লাই চেইন** এর **হুমকি সমূহ**



- ফিজিক্যেল ঝুঁকি
- অপারেশনাল ঝুঁকি
- আর্থিক ঝুঁকি
- রেগুলেটরি ঝুঁকি
- সাইবার ঝুঁকি

**ফিজিকাল ঝুঁকি**


বাহ্যিক সাপ্লাই চেইন এর একটি বড় হুমকি হল ফিজিক্যেল ঝুঁকি। কাঁচামাল বা পন্য পরিবহনের সময় বিভিন্ন কারনে নষ্ট হয়ে যেতে পারে যা সাপ্লাই চেইন কে প্রভাবিত করতে পারে।

**অপারেশনাল ঝুঁকি**

অপারেশনাল ঝুঁকি ম্যানেজমেন্ট সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট কার্যক্রমের একটি গুরুত্বপূর্ণ দিক। অপারেশনাল ঝুঁকি ৪টি বিষয় এর সাথে সম্পর্ক যুক্ত-

- মানুষ
- প্রক্রিয়া
- সিস্টেম
- বাহ্যিক ঘটনা

**অপারেশনাল ঝুঁকি ম্যানেজমেন্ট পাঁচটি ধাপ রয়েছে-**




- ঝুকিপুন্ন প্রবৃত্তি চিহ্নিতকরণ
- ঝুঁকি চিহ্নিতকরণ
- ঝুকি মূল্যায়ন
- ঝুঁকি প্রশমন
- ঝুঁকি পর্যবেক্ষণ

**আর্থিক ঝুঁকি**

আর্থিক ঝুঁকি এর সাথে কাঁচামাল ক্রয়, উৎপাদন এবং গ্রাহকদের কাছে চূড়ান্ত পণ্য সরবরাহের মতো বিভিন্ন পদক্ষেপের সাথে সম্পর্কিত অর্থ ব্যবস্থাপনা জড়িত। একটি ফিজিক্যাল সাপ্লাই চেইন যেমন পণ্যের যাত্রা ট্র্যাক করে, তেমনি আর্থিক সাপ্লাই চেইন সমস্ত ব্যবসায়িক ক্রিয়াকলাপ জুড়ে অর্থের গতিবিধি ট্র্যাক করে।

**আর্থিক ঝুঁকি ম্যানেজমেন্ট প্রক্রিয়াঃ**




আর্থিক ঝুঁকি ম্যানেজমেন্ট এর মধ্যে রয়েছে-

- ঝুঁকি চিহ্নিত করা
- ঝুঁকি মূল্যায়ন করা
- ঝুঁকি পরিমাপ করা
- ঝুঁকি হ্রাস করার কৌশল নির্ধারণ করা
- ঝুঁকি হ্রাস করার জন্য একটি কৌশল বাস্তবায়ন করা
- ঝুঁকি ব্যবস্থাপনার জন্য বাস্তবায়িত কৌশলটির কার্যকারিতা পর্যবেক্ষণ করা

**রেগুলেটরি ঝুঁকি**



রেগুলেটরি বলতে স্থানীয়, আঞ্চলিক বা জাতীয় সরকার দ্বারা নির্ধারিত আইন এবং প্রয়োজনীয়তাগুলির আনুগত্য বোঝায় যেগুলি নির্দিষ্ট অঞ্চলে কীভাবে পণ্য তৈরি এবং বিক্রি করা হয় তা তদারকি করে। সাপ্লাই চেইন আইনগত ভাবে বৈধ পণ্যের সোর্সিং এবং উৎপাদনের সাথে জড়িত ক্রিয়াগুলির উপর দৃষ্টি নিবদ্ধ করে। সেই সাথে কমপ্লায়েন্স এবং রেগুলেটরি বাধ্যবাধকতাগুলি কার্যকর এবং সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য প্রক্রিয়া উন্নতির সুযোগগুলি সনাক্তকরণ।

রেগুলেটরি ঝুঁকির মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকতে পারে-

- ঝুঁকি মূল্যায়ন এবং পরিকল্পনা
- প্রযুক্তি ইন্টিগ্রেশন
- সাপ্লাই চেইন দৃশ্যমানতা এবং স্বচ্ছতা
- কর্মচারী প্রশিক্ষণ এবং সচেতনতা
- নিরাপত্তা এবং গুণমান মানের সঙ্গে সম্মতি

**সাইবার ঝুঁকি**



সাইবার সাপ্লাই চেইন রিস্ক ম্যানেজমেন্টের মধ্যে কোন সাপ্লাই চেইনের মধ্যে কি ধরনের সাইবার ঝুঁকি বিদ্যমান তা চিহ্নিত করা এবং সেই ঝুঁকিগুলি নিরসন করা বুঝায়। কার্যকর সাইবার সাপ্লাই চেইন রিস্ক ম্যানেজমেন্ট নিশ্চিত করে, যতটা সম্ভব পণ্য ও পরিষেবার নিরাপদ সরবরাহ।

সাইবার নিরাপত্তা ঝুঁকি ম্যানেজমেন্টের এর পাঁচটি উপাদান-
- চিহ্নিতকরণ
- সুরক্ষা
- সনাক্তকরণ
- প্রতিক্রিয়া
- পুনরুদ্ধার

## ১.১ সাপ্লাই চেইন এর কার্যাবলী

- বায়ারের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা
- বায়ারের সেবা ব্যবস্থাপনা
- চাহিদা ব্যবস্থাপনা
- অর্ডার পূরণ
- উৎপাদন ব্যবস্থাপনা
- সরবরাহকারীর সাথে সম্পর্ক ব্যবস্থাপনা
- পণ্য তৈরি এবং বাণিজ্যিকীকরণ
- রিটার্ন ম্যানেজমেন্ট

**বায়ারের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা**

বায়ারের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা হল কিছু কৌশল এবং প্রযুক্তির সমন্বয় যা কোম্পানিগুলি বায়ারের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা এবং ডেটা পরিচালনা এবং বিশ্লেষণ করতে ব্যবহার করে। সম্পর্ক ব্যবস্থাপনার লক্ষ্য হল বায়ারের সেবা উন্নত করা এবং বায়ার ধরে রাখা এবং বিক্রয় বৃদ্ধিতে সহয়তা করা।

**বায়ারের সেবা ব্যবস্থাপনা**

বায়ারের সেবা ব্যবস্থাপনা প্রয়োজনীয় টুলস, ট্রেনিং ব্যবহার করে দলকে ক্ষমতা বাড়ানো যাতে করে বায়ারকে প্রয়োজনীয় প্রদান করা যায়। বায়ারের সেবা ব্যবস্থাপনার লক্ষ্য হল ভোক্তাদের সাথে সম্পর্ক তৈরি করা, ধরে রাখা, ব্র্যান্ডের আনুগত্য বৃদ্ধি করা।

**চাহিদা ব্যবস্থাপনা**

চাহিদা ব্যবস্থাপনাহল কিভাবে গ্রাহকের চাহিদা তত্ত্বাবধান ও পরিচালনা করা যায় তার কৌশল। এতে বায়ার কী চায় তা বোঝার পাশাপাশি সেই চাহিদাগুলি পূরণ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া যায়। এটি আসন্ন চাহিদার জন্য পরিকল্পনা করতে সাহায্য করে।

**অর্ডার পূরণ**

অর্ডার পূরণ হল কাঁচামাল গ্রহণের প্রক্রিয়া, তারপর প্রক্রিয়াকরণ এবং বায়ারের অর্ডার সরবরাহ করা। অর্ডার পূরণের প্রক্রিয়াটি একজন বায়ারের কাছ থেকে অর্ডার গ্রহন থেকে থে শুরু করে এবং তা বায়ারের কাছে পৌঁছে দেয়া পর্যন্ত সকল কার্যক্রম কে বুজায়।

**উৎপাদন ব্যবস্থাপনার**

উৎপাদন ব্যবস্থাপনার হলো উৎপাদন কার্যক্রম এবং উৎপাদন সুবিধার উৎপাদন তত্ত্বাবধান করা। উৎপাদন ব্যবস্থাপনার মধ্যে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত।

- ম্যানুফ্যাকচারিং সরঞ্জাম
- উপকরণের প্রবাহ
- লে-আউট,
- সময়সূচী ইত্যাদি

**সরবরাহকারীর সাথে সম্পর্ক ব্যবস্থাপনা**

পন্য উৎপাদন করতে গেলে বিভিন্ন ধরনের কাঁচামাল প্রয়োজন হয়। তাই সরবরাহকারীদের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা একাটি গুরুত্বপূর্ণ বিষয়।

**পণ্য তৈরি এবং বাণিজ্যিকীকরণ**

পণ্যের তৈরি এবং বাণিজ্যিকীকরণ হল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট প্রক্রিয়া যা বায়ার এবং সরবরাহকারীদের সাথে যৌথভাবে নতুন পণ্য বিকাশ এবং বাজারে আনার জন্য কাজ করে থাকে।

**রিটার্ন ম্যানেজমেন্ট**

খুচরা এবং ই-কমার্সে, রিটার্ন ম্যানেজমেন্ট হল অবাঞ্ছিত বা ভাঙা জিনিস গ্রাহক থেকে বিক্রেতার কাছে ফেরত আনা, যেখানে বিক্রেতা গ্রাহককে ফেরত, বিনিময় বা স্টোর ক্রেডিট প্রদান করে।

## সেলফ চেক শিট (Self Check Sheet)-২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**সংক্ষিপ্ত প্রশ্নঃ**

১. **সাপ্লাই চেইন কয় ধরনের ও কি কি?**

**উত্তরঃ**

২. **অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর ২টি গুরুত্ব লিখ।**

**উত্তরঃ**

৩. **অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর ৩টি হুমকি উল্লেখ কর।**

**উত্তরঃ**

৪. **বাহ্যিক সাপ্লাই চেইন বলতে কি বুঝায়?**

**উত্তরঃ**

৫. **বাহ্যিক সাপ্লাই চেইন এর ৩টি হুমকি উল্লেখ কর।**

**উত্তরঃ**

৬. **সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের ক্ষেত্রে বিবেচনা করতে হয় এমন ৩টি বাহ্যিক কারণ লিখ।**

**উত্তরঃ**

৭. **সাপ্লাই চেইন এর ৪টি কার্যাবলী উল্লেখ কর।**

**উত্তরঃ**

## উত্তর পত্র (Answer Key)- ২: সাপ্লাই চেইনের ধরন ব্যাখ্যা করা।

প্রশিক্ষণার্থীদের জন্য নির্দেশনা:- উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ করে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

**সংক্ষিপ্ত প্রশ্নঃ**

**১. সাপ্লাই চেইন কয় ধরনের ও কি কি?**

**উত্তরঃ** সাপ্লাই চেইন সাধারনত দুই ধরনের-

- অভ্যন্তরীণ সাপ্লাই চেইন
- বাহ্যিক সাপ্লাই চেইন

**২. অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর ২টি গুরুত্ব লিখ।**

**উত্তরঃ**

- অভ্যন্তরীণ সাপ্লাই চেইন কোম্পানির মধ্যকার বিভিন্ন ডিপার্টমেন্ট এর মধ্যে সমন্বয় সাধন ও একীকরণে সহায়তা করে, যাতে প্রত্যেক ডিপার্টমেন্ট বুঝতে পারে যে তারা কীভাবে মূল্য সংযোজনে অবদান রাখতে পারে।
- এটি কর্মীদের পূর্ব পরিকল্পনা করতে সহায়তা করে, যাতে উৎপাদনে কোন ব্যাঘাত না ঘটে।

**৩. অভ্যন্তরীণ সাপ্লাই চেইন এর ৩টি হুমকি উল্লেখ কর।**

**উত্তরঃ**

- চাহিদা ওঠানামা করা
- মেশিন ব্রেকডাউন
- প্রযুক্তির পরিবর্তন

**৪. বাহ্যিক সাপ্লাই চেইন বলতে কি বুঝায়?**

**উত্তরঃ** বাহ্যিক সাপ্লাই চেইন হল সরবরাহকারী, প্রস্তুতকারক এবং অন্যান্য অংশীদারদের একটি নেটওয়ার্ক যা বায়ারের চাহিদা মত কোন পণ্য বা পরিষেবা প্রদানের জন্য একসাথে কাজ করে। বাহ্যিক সাপ্লাই চেইন একটি জটিল প্রক্রিয়া যেহেতু এতে বিভিন্ন স্টেকহোল্ডার জড়িত থাকে।

**৫. বাহ্যিক সাপ্লাই চেইন এর ৩টি হুমকি উল্লেখ কর।**

**উত্তরঃ**

- ফিজিক্যেল ঝুঁকি
- অপারেশনাল ঝুঁকি
- আর্থিক ঝুঁকি

**৬. সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের ক্ষেত্রে বিবেচনা করতে হয় এমন ৩টি বাহ্যিক কারণ লিখ।**

**উত্তরঃ**

- রাজনৈতিক কারণ
- অর্থনৈতিক কারণ
- সামাজিক কারণ

**৭. সাপ্লাই চেইন এর ৪টি কার্যাবলী উল্লেখ কর।**

**উত্তরঃ**

- বায়ারের সাথে সম্পর্ক ব্যবস্থাপনা
- বায়ারের সেবা ব্যবস্থাপনা
- চাহিদা ব্যবস্থাপনা
- অর্ডার পূরণ

**জব শিট ২: সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী  এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর।**

**উদ্দেশ্য**: যথাযথ ভাবে  সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী লিপিবদ্ধ ও সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের ক্ষেত্রে বিবেচনা করতে হয় এমন ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও  ব্যবহার করুন।
২. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সরঞ্জামের  কার্যকারিতা  ও পরিমান ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৪. স্পেসিফিকেশন শীট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন।
৫. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী লিপিবদ্ধ করুন।
৬. সাপ্লাই চেইন ম্যানেজমেন্টের ক্ষেত্রে বিবেচনা করতে হয় এমন ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ করুন।
৭. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই করুন।
৮. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
৯. কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১০. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করুন। করুন।

**স্পেশিফিকেশন শিট ২: সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর ৫টি কার্যাবলী  এবং ৫টি বাহ্যিক কারণ লিপিবদ্ধ লিপিবদ্ধ কর।**

**প্রয়োজনীয় পিপিই:**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মাস্ক | | সংখ্যা | ০১ |
| ২. | এপ্রন | | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় সরঞ্জাম:**

| ক্রম | টুলস এবং ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | কাগজ | | সংখ্যা | ০১ |
| ২. | কলম | | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | | সংখ্যা | ০১ |
| ৪. | রাবার | | সংখ্যা | ০১ |
| ৫. | শার্পনার | | সংখ্যা | ০১ |

**শিখনফল (Learning Outcome)- ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারবেন**

| | |
|---|---|
| **অ্যাসেসমেন্ট মানদন্ড** | ১. প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ সনাক্ত করা হয়েছে।<br>২. কোম্পানির নীতি অনুযায়ী প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা হয়েছে। |
| **শর্ত ও রিসোর্স** | ১. সিবিএলএম<br>২. স্যাম্পল<br>৩. কনজিয়উমএবল মেটেরিয়াল |
| **বিষয়বস্তু** | ১. প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ সনাক্ত করা<br>২. কোম্পানির নীতি অনুযায়ী প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা |
| **অ্যাক্টিভিটি/টাস্ক/জব** | ১. প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ কর |
| **প্রশিক্ষণ পদ্ধতি** | ১. প্রেজেন্টেশন<br>২. লেকচার<br>৩. ডেমনস্ট্রেশন |
| **অ্যাসেসমেন্ট পদ্ধতি** | ১. লিখিত অভীক্ষা (Written Test)<br>২. প্রদর্শন (Demonstration)<br>৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning) |

**প্রশিক্ষণ কার্যক্রম (Learning Activities) ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারা**

এই শিখনফল অর্জনের লক্ষ্যে শিখনফলে অন্তর্ভুক্ত বিষয়বস্তু এবং পারফরম্যান্স ক্রাইটেরিয়া অর্জনের জন্য নিম্নলিখিত কার্যক্রমগুলো পর্যায়ক্রমে সম্পাদন করুন। কার্যক্রমগুলোর জন্য বর্ণিত রিসোর্সসমূহ ব্যাবহার করুন।

| **শিখন কার্যক্রম (Learning Activities)** | **উপকরণ / বিশেষ নির্দেশনা (Resources / Special instructions)** |
|---|---|
| ১. এই মডিউলটির ব্যবহার নির্দেশিকা অনুসরণ করতে হবে। | ১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের "প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারা"শেখার উপকরণ প্রদান করবেন |
| ২. ইনফরমেশন শিট পড়তে হবে। | ২. ইনফরমেশন শিট ৩ : প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করতে পারা |
| ৩. সেলফ চেকে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন এবং উত্তরপত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে। | ৩. সেল্ফ-চেক শিট ৩ -এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র ৩ -এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন। |
| ৪. জব/টাস্ক শিট ও স্পেসিফিকেশন শিট অনুযায়ী জব সম্পাদন করুন। | ৪. নিম্নোক্ত জব/টাস্ক শিট অনুযায়ী জব/টাস্ক সম্পাদন করুন জব শিট ৩: প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ কর |


**ইনফরমেশন শিট (Information Sheet) ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করা।**

**শিখন উদ্দেশ্য (Learning Objective):** এই ইনফরমেশন শীট পড়ে শিক্ষার্থীগণ-

৩.১ প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ সনাক্ত করা হয়েছে।
৩.২ কোম্পানির নীতি অনুযায়ী প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা হয়েছে।

## ৩.১ প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ

### ৩.১.১ প্রোডাক্ট সিলেকশন




প্রোডাক্ট সিলেকশন বলতে সেই প্রক্রিয়াকে বোঝায় যার মাধ্যমে উৎপাদন প্রক্রিয়ায় বা সামগ্রিকভাবে পরিষেবা সরবরাহে ব্যবহৃত এবং ব্যবহার করা হবে এমন পণ্যগুলি নির্বাচন, মূল্যায়ন এবং সংগ্রহ করা হয়।

প্রোডাক্ট সিলেকশন এর সময় যে বিষয়গুলো বিবেচনা করতে হবে তা হল-

- কোয়ালিটি এবং নির্ভরযোগ্যতা
- কার্যকারিতা এবং বৈশিষ্ট্য
- পণ্য বা পরিষেবার মূল্য
- গ্রাহক সহায়তা এবং বিক্রয়োত্তর পরিষেবা
- খ্যাতি এবং বিশ্বস্ততা
- সামঞ্জস্য এবং একীকরণ
- নিরাপত্তা এবং গোপনীয়তা

**কোয়ালিটি এবং নির্ভরযোগ্যতা**

প্রোডাক্ট সিলেকশন এর সময় যে বিষয়গুলো বিবেচনা করতে হবে তারমধ্যে একটি একটি গুরুত্বপূর্ণ বিষয় হল পণ্য বা পরিষেবার কোয়ালিটি এবং নির্ভরযোগ্যতা।এখানে পন্যের কোয়ালিটি, স্থায়িত্ব, ব্র্যান্ড বা পরিষেবা প্রদানকারীর খ্যাতি বিবেচনা করা হয়।

**কার্যকারিতা এবং বৈশিষ্ট্য**

প্রোডাক্ট সিলেকশন এর ক্ষেত্রে পণ্য বা পরিষেবার নির্দিষ্ট বৈশিষ্ট্য এবং কার্যকারিতা বিবেচনা করাতে হবে। পণ্য বা পরিষেবা চাহিদা এবং প্রয়োজনীয়তার সামঞ্জস্য পূর্ণ কিনা এবং কার্যকরভাবে এবং দক্ষতার সাথে উদ্দেশ্য পূরণ করে কিনা তা মূল্যায়ন করা হয়।

**পণ্য বা পরিষেবার মূল্য**

প্রোডাক্ট সিলেকশন এর ক্ষেত্রে পণ্য বা পরিষেবার মূল্য বিবেচনা করতে হবে। বিভিন্ন সরবরাহকারী বা ব্র্যান্ড এর দামের তুলনা করা হয় এবং নিশ্চিত করতে হবে যে ন্যায্য মূল্যে পণ্য বা পরিষেবা সংগ্রহ করা হয়েছে। তবে মনে রাখবেন যে সবচেয়ে সস্তা বিকল্পটি সর্বদা সেরা নাও হতে পারে। গুণমান, কর্মক্ষমতা, গ্রাহক সহায়তা এবং প্রদত্ত অতিরিক্ত পরিষেবা বা ওয়ারেন্টির মতো বিষয়গুলি বিবেচনা করতে হবে।

**গ্রাহক সহায়তা এবং বিক্রয়োত্তর পরিষেবা**

একটি পণ্য বা পরিষেবা ক্রয়ের সময় যে বিষয়টি বিবেচনা করা হয় তার মধ্যে অন্যতম হল গ্রাহক সহায়তা এবং বিক্রয়োত্তর পরিষেবা। গ্রাহক পরিষেবার জন্য কোম্পানির খ্যাতি যাচাই করা এবং ফোন বা ইমেল মতো উপলব্ধ চ্যানেলগুলি পরীক্ষা করুন। ওয়ারেন্টি, রক্ষণাবেক্ষণ এবং মেরামতের বিকল্পগুলির মতো বিক্রয়োত্তর পরিষেবাগুলি সম্পর্কে জানতে হবে। একটি কোম্পানি যা চমৎকার গ্রাহক সহায়তা প্রদান করে তা নিশ্চিত করে যে কোনো সমস্যার সম্মুখীন হলে অবিলম্বে সমাধান করা হবে।

**খ্যাতি এবং বিশ্বস্ততা**

প্রোডাক্ট সিলেকশন ক্ষেত্রে সরবরাহকারী ব্র্যান্ড বা পরিষেবা প্রদানকারীর খ্যাতি এবং বিশ্বস্ততা বিবেচনা করতে হবে। একটি কোম্পানির অতীত রেকর্ড এবং নির্ভরযোগ্য, উচ্চ-মানের পণ্য বা পরিষেবা সরবরাহের ইতিহাস বিবেচনা করতে হবে। তাদের গ্রাহক প্রতিক্রিয়া, রেটিং এবং প্রাপ্ত কোনো শিল্প স্বীকৃতি আছে কিনা তা যাচাই করুন।

**সামঞ্জস্য এবং একীকরণ**

প্রোডাক্ট সিলেকশন ক্ষেত্রে পণ্য বা পরিষেবাটি বিদ্যমান সিস্টেম বা সরঞ্জামগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা বিবেচনা করতে হবে। পণ্য বা পরিষেবাটি আপনার বর্তমান কাঠামোর সাথে একত্রিত হয় কিনা তা যাচাই করতে হবে।

**নিরাপত্তা এবং গোপনীয়তা**

কোন প্রযুক্তি পন্য বা সেবার ক্ষেত্রে নিরাপত্তা এবং গোপনীয়তার বিষয়টি বিশেষ ভাবে বিবেচনা করতে হবে। একটি ডিজিটাল পণ্য বা পরিষেবার ক্ষেত্রে ডেটা সুরক্ষিত করতে এবং গোপনীয়তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা ব্যবস্থাগুলি মূল্যায়ন করতে হবে। এনক্রিপশন, নিরাপদ পেমেন্ট গেটওয়ে এবং ডেটা সুরক্ষা নীতিগুলি অনুসরণ করে কিনা তা যাচাই করতে হবে।


**প্রকিউরমেন্ট পদ্ধতি**




প্রকিউরমেন্ট পদ্ধতি বলতে বোঝায় যে প্রক্রিয়া বা পন্থায় কোন সংস্থা বাহ্যিক উৎস থেকে পণ্য, পরিষেবা বা কাজ সংগ্রহ করে থাকে। এটি একটি কৌশল বা পরিকল্পনা যার মধ্যে নিম্ন লিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে।

- সরবরাহকারী নির্বাচন
- সরবরাহকারীদের প্রাপ্যতা
- প্রয়োজনীয় পণ্য বা পরিষেবার প্রকার
- সংগ্রহ সংক্রান্ত সাংগঠনিক নীতি ও প্রবিধান
- প্রয়োজনীয় পণ্য বা পরিষেবা ক্রয়ের শর্তাবলী ইত্যাদি

**সরবরাহকারী নির্বাচন**



প্রকিউরমেন্ট প্রথম ধাপ হল সরবরাহকারী নির্বাচন। একাধিক সরবরাহকারী মাঝ থেকে সঠিক সরবরাহকারী নির্বাচন করা খুব এ গুরুত্বপূর্ণ।

### সরবরাহকারী নির্বাচনের ৭টি ধাপ

১. সংস্থার প্রয়োজনীয়তা চিহ্নিত করুন
২. মূল্যায়নের জন্য মানদন্ড স্থাপন করুন
৩. সরবরাহকারী বাচাই করুন
৪. প্রস্তাবের অনুরোধের জন্য জিজ্ঞাসা করুন
৫. মূল্যায়ন এবং সরবরাহকারী নির্বাচন করুন
৬. সরবরাহকারীর সাইট অডিট করুন
৭. সরবরাহকারীর সাথে চুক্তি এবং সম্পর্ক ব্যবস্থাপনা চূড়ান্ত করুন

**সরবরাহকারীদের প্রাপ্যতা**

প্রকিউরমেন্টের সময় সরবরাহকারীকে সঠিক সময়ে পাওয়া যাবে কিনা সেই বিষয়টি বিবেচনা করতে হবে। সরবরাহকারী যতই ভাল হোক তাকে যদি সঠিক সময়ে পাওয়া না যায় তাহলে তা সাপ্লাই চেইনকে ব্যহত করবে।

**প্রয়োজনীয় পণ্য বা পরিষেবার প্রকার**

সরবরাহকারী কি ধরনের পণ্য বা পরিষেবা সরবরাহ করে তা খুবই গুরুত্বপূর্ণ। পন্যের মান, সরবরাহ ব্যবস্থা সব কিছুই বিবেচনা করতে হবে।

**সংগ্রহ সংক্রান্ত সাংগঠনিক নীতি ও প্রবিধান**

প্রকিউরমেন্টের জন্য কোম্পানির ক্রয় নীতি এবং সরবরাহকারীর সরবরাহ নীতি সামঞ্জস্যপূর্ণ কিনা সেটা ও খুবই গুরুত্বপূর্ণ।

**প্রয়োজনীয় পণ্য বা পরিষেবা ক্রয়ের শর্তাবলী**

প্রকিউরমেন্টের জন্য কোম্পানির প্রয়োজনীয় পণ্য বা পরিষেবা ক্রয়ের শর্তাবলীর থাকে সরবরাহকারী একমত কিনা তা যাচাই করতে হবে। তা না হলে সরবরাহের মাঝ পথে সাপ্লাই চেইন বাঁধা গ্রস্থ হতে পারে।

### ৩.১.২ **প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ**

সকল প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহকে দুই ভাগে ভাগ করা যায়-

১. প্রতিযোগিতামূলক পদ্ধতি
২. অ-প্রতিযোগিতামূলক পদ্ধতি

প্রতিযোগিতামূলক পদ্ধতিসমূহ

- ওপেন টেন্ডারিং
- সীমিত দরপত্র
- টেন্ডার এর জন্য অনুরোধ
- কোটেশন এর জন্য অনুরোধ
- দরকষাকষি মূলক টেন্ডারিং
- দুই ধাপে টেন্ডারিং
- নকশা এবং নির্মাণ

**ওপেন টেন্ডারিং**

এটি একটি প্রতিযোগিতামূলক সংগ্রহ পদ্ধতি যেখানে সরবরাহকারীদের পাবলিক নোটিশ বা বিজ্ঞাপনের মাধ্যমে বিড বা প্রস্তাব জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়।

**সীমিত দরপত্র**

এটি একটি নির্বাচনী সংগ্রহ পদ্ধতি যেখানে সরবরাহকারীদের পূর্ব-নির্ধারিত তালিকার ভিত্তিতে বিড বা প্রস্তাব জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়।

**টেন্ডার এর জন্য অনুরোধ**

যখন সরবরাহকারীর কাছ থেকে বিস্তারিত প্রস্তাবের প্রয়োজন তখন এই পদ্ধতিটি ব্যবহার করা হয়।

**কোটেশন এর জন্য অনুরোধ**

এই পদ্ধতি সাধারণত ছোট-মূল্যবান পণ্য বা পরিষেবার জন্য ব্যবহৃত হয়। অন্যান্য প্রকিউরমেন্ট পদ্ধতির মধ্যে এটি সবচেয়ে সহজ। এই পদ্ধতি কম কাগজপত্র এবং দ্রুত প্রকিউরমেন্ট নিশ্চিত করতে ব্যবহৃত হয়।

**দুই ধাপে টেন্ডারিং**

দুই ধাপে টেন্ডারিং এর অধীনে দুটি পদ্ধতি রয়েছে। প্রতিটি পদ্ধতির দুটি-পর্যায়ের প্রক্রিয়া রয়েছে। ক্রয় বিভাগ দুটি খামসহ একটি প্রস্তাব পায়। প্রথমটিতে প্রস্তাব রয়েছে এবং দ্বিতীয়টিতে আর্থিক উপাদান রয়েছে।

**নকশা এবং নির্মাণ**

এই সংগ্রহ পদ্ধতিতে সরবরাহকারী নকশা এবং নির্মাণ উভয় পর্যায়ের সমস্ত দায়িত্ব, ঝুঁকি এবং ব্যবস্থাপনা গ্রহণ করে।


একক সোর্সিং একটি অ-প্রতিযোগিতামূলক পদ্ধতি যা শুধুমাত্র নির্দিষ্ট পরিস্থিতিতে ব্যবহৃত হয়। একক সোর্সিং ঘটে যখন সংস্থা শুধুমাত্র একটি একক উত্স থেকে উপকরণ বা পরিষেবাগুলি অর্জন করতে চায়।

### ৩.১.৩ অ-প্রতিযোগিতামূলক পদ্ধতি

- সরাসরি ক্রয়
- একমাত্র উৎস থেকে সংগ্রহ
- জরুরী সংগ্রহ

### ৩.১.৪ প্রকিউরমেন্টের ধাপসমূহ

প্রকিউরমেন্ট প্রক্রিয়ার ৮টি ধাপ রয়েছে-




**পণ্য এবং পরিষেবা চিহ্নিত করন**

প্রকিউরমেন্টের প্রথম ধাপ হল একটি প্রতিষ্ঠানের কি ধরনের পণ্য এবং পরিষেবা প্রয়োজন তা চিহ্নিত করা। এটি হতে পারে নতুন আইটেম হতে পারে যা কোম্পানি আগে ক্রয় করেনি, বিদ্যমান পণ্যগুলির পুনরায় সংগ্রহ।

**ক্রয় অনুরোধ জমা প্রদান**

একটি প্রতিষ্ঠানের যখন উল্লেখযোগ্য পরিমাণে নতুন পন্য বা পরিষেবা সংগ্রহের প্রয়োজন হয়, তখন তারা একটি আনুষ্ঠানিক ক্রয়ের অনুরোধ করে । এটি সাধারণত ডিপার্টমেন্ট ম্যানেজার, ক্রয়কারী কর্মী বা একাউন্স ডিপার্টমেন্ট তৈরি করে থাকে।

ক্রয় অনুরোধে সাধারণত নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ্য থাকে-

- পন্যের দাম
- সময়সীমা
- পরিমাণ ইত্যাদি

**মূল্যায়ন এবং সরবরাহকারী নির্বাচন**

এই পর্যায়ে প্রয়োজনীয়তার একটি সুস্পষ্ট তালিকা এবং অনুমোদিত ক্রয়ের অনুরোধ সহ, একজন যোগ্য সবরাহকারীকে নির্বাচন করা হয়। সবরাহকারী নির্বাচন করার সময় নিম্নলিখিত বিষয়গুলো বেবেচনায় রাখতে হবে-

- পন্যের দাম
- সরবরাহকারীর খ্যাতি
- গুণমান
- নির্ভরযোগ্যতা  ইত্যাদি

**মূল্য এবং শর্তাবলী আলোচনা**

মূল্য এবং শর্তাবলী আলোচনার জন্য সর্বোত্তম অনুশীলন হল সিদ্ধান্ত নেওয়ার আগে সরবরাহকারীদের থেকে কমপক্ষে তিনটি কোটেশন নেওয়া। প্রতিটি কোটেশন পরীক্ষা করুন এবং যেখানে সম্ভব আলোচনা করুন।

**ক্রয় আদেশ তৈরি করণ**

একটি ক্রয় আদেশ (PO) পূরণ করুন এবং সরবরাহকারীর কাছে পাঠান। প্রয়োজনীয় সঠিক পরিষেবা বা পণ্যগুলি সনাক্ত করতে সরবরাহকারীকে বিশহ বিবরণ সহ ক্রয় আদেশ (PO) প্রেরন করুন।

**পণ্য গ্রহণ এবং চেক**

ডেলিভারি কৃত পন্য পরীক্ষা করে নিশ্চিত করুন যে সবকিছু ক্রয় আদেশ অনুযায়ী সরবরাহ করা হয়েছে এবং গুণমান প্রত্যাশা পূরণ করেছে।

**চালান অনুমোদন করণ এবং অর্থ প্রদানের ব্যবস্থা করণ**

ক্রয় আদেশ অনুযায়ী পণ্য এবং গুণমান সঠিক হলে চালান অনুমোদন করুন এবং অর্থ প্রদানের করুন।

**রেকর্ড কিপিং**

ক্রয়ের অনুরোধ থেকে শুরু করে মূল্য আলোচনা, চালান, রসিদ এবং এর মধ্যে থাকা সবকিছুর জন্য পুরো ক্রয় প্রক্রিয়ার রেকর্ড বজায় রাখা গুরুত্বপূর্ণ। এই রেকর্ড একাধিক কারণে দরকারী হতে পারে।

### ৩.২  **প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা**

প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করার জন্য নিম্নলিখিত বিশয়গুলো অনুসরণ করুন-
সরবরাহকারী খুজে বের করুন এবং সরবরাহকারী নির্বাচন করুন

- সরবরাহকারীর সাথে সম্পর্ক পর্যালোচনা করুন
- চুক্তি নিয়ে আলোচনা করুন
- মান নিয়ন্ত্রণ নিশ্চিত করুন
- পণ্য এবং পরিষেবার সময়মত ডেলিভারি নিশ্চিত করুন

প্রকিউরমেন্ট চেকলিস্ট

- প্রকিউরমেন্ট এর উদ্দেশ্য পরিষ্কারভাবে সংজ্ঞায়িত করুন।
- পুঙ্খানুপুঙ্খ বাজার গবেষণা পরিচালনা করুন।
- একটি সংগ্রহ পরিকল্পনা করুন।
- সরবরাহকারী নির্বাচনের মানদন্ড স্থাপন করুন।
- ব্যয় বিশ্লেষণ সরঞ্জাম প্রয়োগ করুন।
- সরবরাহকারী ব্যবস্থাপনা সিস্টেম প্রয়োগ করুন।
- সরবরাহকারী কর্মক্ষমতা পর্যবেক্ষণ করুন।
- সরবরাহকারীর যথাযথভাবে যোগাযোগ করুন।
- পণ্য এবং পরিষেবার সময়মত ডেলিভারি নিশ্চিত করুন।

**সেলফ চেক শিট (Self Check Sheet)-৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করা।**

১. **প্রকিউরমেন্ট পদ্ধতি?**
**উত্তরঃ**

২. **প্রোডাক্ট সিলেকশন এর সময়  বিবেচনা করতে হবে এমন ৩টি বিষয় উল্ল্যেখ কর।**

**উত্তর:**

৩. **প্রকিউরমেন্ট পদ্ধতি কত ধরণের ও কি কি?**
**উত্তরঃ**

৪. **৩টি প্রতিযোগিতামূলক পদ্ধতির নাম লিখ।**
**উত্তরঃ**

৫. **ওপেন টেন্ডারিং কি?**
**উত্তর:**

৬. **৩টি অ-প্রতিযোগিতামূলক পদ্ধতির নাম লিখ।**
**উত্তরঃ**

৭. **সবরাহকারী নির্বাচন করার সময় যে বিষয়গুলো বেবেচনায় রাখতে হবে এমন ৩টি বিষয় লিখুন।**
**উত্তরঃ**

৮. **প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করার সময় যে বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে এমন ৩টি বিষয় লিখুন।**
**উত্তরঃ**

## উত্তর পত্র (Answer Key)- ৩: প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ প্রয়োগ করা।

১. **প্রকিউরমেন্ট পদ্ধতি?**

**উত্তর:** প্রকিউরমেন্ট পদ্ধতি বলতে বোঝায় যে প্রক্রিয়া বা পন্থায় কোন সংস্থা বাহ্যিক উৎস থেকে পণ্য, পরিষেবা বা কাজ সংগ্রহ করে থাকে। জন্য ব্যবহার করে।

২. **প্রোডাক্ট সিলেকশন এর সময় বিবেচনা করতে হবে এমন ৩টি বিষয় উল্ল্যেখ কর।**

**উত্তর:**

- কোয়ালিটি এবং নির্ভরযোগ্যতা
- কার্যকারিতা এবং বৈশিষ্ট্য
- পণ্য বা পরিষেবার মূল্য

৩. **প্রকিউরমেন্ট পদ্ধতি কত ধরণের ও কি কি?**

**উত্তর:** সকল প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহকে দুই ভাগে ভাগ করা যায়-

- প্রতিযোগিতামূলক পদ্ধতি
- অ-প্রতিযোগিতামূলক পদ্ধতি

৪. **৩টি প্রতিযোগিতামূলক পদ্ধতির নাম লিখ।**

**উত্তরঃ**

- ওপেন টেন্ডারিং
- সীমিত দরপত্র
- টেন্ডার এর জন্য অনুরোধ

৫. **ওপেন টেন্ডারিং কি?**

**উত্তর:** এটি একটি প্রতিযোগিতামূলক সংগ্রহ পদ্ধতি যেখানে সরবরাহকারীদের পাবলিক নোটিশ বা বিজ্ঞাপনের মাধ্যমে বিড বা প্রস্তাব জমা দেওয়ার জন্য আমন্ত্রণ জানানো হয়।

৬. **৩টি অ-প্রতিযোগিতামূলক পদ্ধতির নাম লিখ।**

**উত্তরঃ**

- সরাসরি ক্রয়
- একমাত্র উৎস থেকে সংগ্রহ
- জরুরী সংগ্রহ

৭. **সবরাহকারী নির্বাচন করার সময় যে বিষয়গুলো বেবেচনায় রাখতে হবে এমন ৩টি বিষয় লিখুন।**
**উত্তরঃ**

- পন্যের দাম
- সরবরাহকারীর খ্যাতি
- গুণমান

৮. **প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করার সময় যে বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে এমন ৩টি বিষয় লিখুন।**
**উত্তরঃ**

- সরবরাহকারীর সাথে সম্পর্ক পর্যালোচনা করুন
- চুক্তি নিয়ে আলোচনা করুন
- মান নিয়ন্ত্রণ নিশ্চিত করুন

## জব শিট ৩: প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ করা

**উদ্দেশ্য**: যথাযথ ভাবে  প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি ও প্রকিউরমেন্টের ধাপসমূহ লিপিবদ্ধ লিপিবদ্ধ করতে পারবে।

**কাজের ধারাবাহিকতা:**

১. প্রয়োজনীয় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম পিপিই (PPE) সংগ্রহ ও  ব্যবহার করুন।
২. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংগ্রহ করুন।
৩. সরবরাহকৃত জবশীট এবং স্পেসিফিকেশন অনুযায়ী সমস্ত উপকরণ,মালামাল ও সরঞ্জামের  কার্যকারিতা  ও পরিমান ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৪. স্পেসিফিকেশন শীট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করুন।
৫. প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করুন।
৬. প্রকিউরমেন্টের ধাপসমূহ লিপিবদ্ধ করুন।
৭. কাজশেষে প্রাপ্ত ফলাফল যাচাই করুন।
৮. কাজশেষে আপনার প্রশিক্ষককে অবহিত করুন।
৯. কাজটিকে মূল্যায়নের জন্য আপনার প্রশিক্ষককের নিকট উপস্থাপন করুন।
১০. ওয়াকপ্লেস স্ট্যান্ডার অনুসারে ব্যবহৃত সমস্ত উপকরণ,মালামাল ও সুরক্ষা সরঞ্জাম এবং যন্ত্রপাতি সংরক্ষণ করুন। করুন।

## স্পেশিফিকেশন শিট ৩:  প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহের তালিকা তৈরি করে ধাপসমূহ লিপিবদ্ধ করা

**প্রয়োজনীয় পিপিই:**

| ক্রম | পিপিই এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | মাস্ক | | সংখ্যা | ০১ |
| ২. | এপ্রন | | সংখ্যা | ০১ |

**প্রয়োজনীয় সরঞ্জাম:**

| ক্রম | টুলস এবং ইকুইপমেন্টস এর নাম | স্পেসিফিকেশন | একক | পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | কাগজ | | সংখ্যা | ০১ |
| ২. | কলম | | সংখ্যা | ০১ |
| ৩. | পেন্সিল | | সংখ্যা | ০১ |
| ৪. | রাবার | | সংখ্যা | ০১ |
| ৫. | শার্পনার | | সংখ্যা | ০১ |

## দক্ষতা পর্যালোচনা (Review of Competency)

প্রশিক্ষণার্থীর জন্য নির্দেশনা: প্রশিক্ষণার্থীর নিম্নোক্ত দক্ষতা প্রমাণ করতে সক্ষম হলে নিজেই কর্মদক্ষতা মূল্যায়ন করবে এবং সক্ষম হলে **"হ্যাঁ"** এবং সক্ষমতা অর্জিত না হলে **"না"** বোধক ঘরে টিকচিহ্ন দিন।

| **কর্মদক্ষতা মূল্যায়নের মানদন্ড** | **হ্যাঁ** | **না** |
|---|---|---|
| ১. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ সনাক্ত করতে সক্ষম হয়েছে। | | |
| ২. সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এর প্রক্রিয়া সমূহ ব্যাখ্যা করতে সক্ষম হয়েছে। | | |
| ৩. বিভিন্ন ধরনের সাপ্লাই চেইন ব্যাখ্যা করা হয়েছে। | | |
| ৪. সাপ্লাই চেইন এর কার্যাবলী বিবৃত করা হয়েছে। | | |
| ৫. প্রোডাক্ট সিলেকশন এবং প্রকিউরমেন্ট পদ্ধতিসমূহ সনাক্ত করা হয়েছে। | | |
| ৬. কোম্পানির নীতি অনুযায়ী প্রকিউরমেন্ট পদ্ধতি প্রয়োগ করা হয়েছে। | | |

আমি (প্রশিক্ষণার্থী) এখন আমার আনুষ্ঠানিক যোগ্যতা মূল্যায়ন করতে নিজেকে প্রস্তুত বোধ করছি।

স্বাক্ষর ও তারিখঃ

প্রশিক্ষকের স্বাক্ষর ও তারিখঃ

# সিবিএলএম প্রনয়ন

“গার্মেন্টস শিল্পে সাপ্লাই চেইনের প্রক্রিয়া ব্যাখ্যা করণ” (অকুপেশন: প্রোডাকশন প্লানিং এন্ড সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট) শীর্ষক কমপিটেন্সি বেসড লার্নিং ম্যাটারিয়াল (সিবিএলএম) টি – জাতীয় দক্ষতা সনদায়নের নিমিত্ত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক সমাহার কনসালটেন্টস লি: এর সহায়তায় প্যাকেজ SD-9C (তারিখ: ১৫ জানুয়ারী ২০২৪) এর অধিনে ২০২৪ এর আগষ্ট মাসে প্রণয়ন করা হয়েছে।

| **ক্রমিক নং** | **নাম ও ঠিকানা** | **পদবি** | **মোবাইল নম্বর ও ইমেইল** |
|---|---|---|---|
| ০১ | শরীফ নওয়াজ | লেখক | ০১৭৩৩৪৫৯৭৪৫<br>sharifnowaz@gmail.com |
| ০২ | সাইদুর রহমান | সম্পাদক | ০১৭৮৬৪৭৭৭৬৭<br>saidur.bkmea@gmail.com |
| ০৩ | খান মোহাম্মদ মাহমুদ হাসান | কো – অর্ডিনেটর | ০১৭৪০-৮৭৮৯৭<br>kmmhasan@gmail.com |
| ০৪ | সৈয়দ আজহারুল হক | রিভিউয়ার | ০১৭১১০৪৭৮১৫<br>azharulhaque2008@gmail.com |

**রেফারেন্স**


১. https://www.oracle.com/cz/scm/what-is-supply-chain-management/#:~:text=At%২০the%২০most%২০fundamental%২০level,product%২০at%২০its%২০final%২০destination.
২. https://www.investopedia.com/terms/s/scm.asp
৩. https://www.gep.com/blog/strategy/types-of-supply-chain-models-explained
৪. https://www.investopedia.com/terms/s/supplychain.asp
৫. https://www.expensein.com/blog/business-advice/procurement-methods